

## পবিত্রতার বিধান

### প্রথম দার্স

#### পবিত্রতা এবং অপবিত্রতা

### الدرس الأول

#### الطهارة والنجاسة

অপবিত্রতাঃ অপবিত্রতার অর্থ হচ্ছে এমন মলিনতা, অশুচিতা, যা থেকে একজন মুসলিমকে বেঁচে থাকতে হয় এবং কাপড়ে লাগলে ধুয়ে ফেলতে হয়। কাপড়ে বা শরীরে দৃষ্টি গোচর হয় এমন অতরল কোন অপবিত্র জিনিস লাগলে, তা দূর হওয়া পর্যন্ত ধুতে হবে। যেমন, মাসিকের রক্ত। তবে যদি ধুয়ে ফেলার পরও তার চিহ্ন থেকে যায় যা দূর করা কষ্টকর, তবে তাতে কোন অসুবিধা নেই। আর যদি অপবিত্র জিনিস এমন তরল পদার্থ হয়, যা কাপড়ে বা শরীরে লাগলে দৃষ্টি গোচর হয় না, তা একবার ধুয়ে ফেললে যথেষ্ট হবে। জমিতে বা মাটিতে অপবিত্র জিনিস লাগলে, পানি ঢাললে তা পবিত্র হয়ে যায়। অনুরূপ অপবিত্র জিনিস যদি তরল হয়, তবে শুকিয়ে গেলে তা পবিত্র হয়ে যায়। কিন্তু যদি অতরল হয়, তাহলে তা দূর না করা পর্যন্ত পবিত্র হয় না।

পবিত্রতা অর্জন এবং অপবিত্রতা দূরীকরণের জন্য পানি ব্যবহার করা হবে। যেমন, বৃষ্টির ও সমুদ্রের পানি ইত্যাদি। ব্যবহৃত পানি এবং যে পানির সাথে কোন পবিত্র জিনিস মিশে যায় এবং তা নিজ অবস্থায় থাকে, তা পানি বলেই পরিগণিত হয়। কিন্তু যদি পবিত্র কোন জিনিস মিশে গিয়ে পানির অবস্থার পরিবর্তন করে দেয়, তাহলে পবিত্রতা অর্জনের জন্য তা ব্যবহার করা জায়েয হবে না। অনুরূপ এমন নাপাক জিনিস যদি মিশে যায়, যা পানির স্বাদ অথবা গন্ধ বা রঙকে পরিবর্তন করে দেয়, তাহলে তাও ব্যবহার করা জায়েয হবে না। কিন্তু কোন কিছু যদি পরিবর্তন সূচিত না হয়, তাহলে তাহারাত হাসিলের জন্য তা ব্যবহার করা জায়েয। অনুরূপ পান করার পর পাত্রের অবশিষ্ট পানি ব্যবহার করা জায়েয। তবে যদি কুকুর বা শূকর পান করে থাকে, তাহলে নয়, কারণ তা অপবিত্র।